তারিখ ... 08 AUG 2015 ...
পৃষ্ঠা ...১৬ কলাম ...১...

কালের কণ্ঠ

বরগুনায় শিক্ষক নির্যাতন

# হাইকোর্টের রুলের পর মামলা নিল পুলিশ, গ্রেপ্তার ১

বরগুনা প্রতিনিধি ▷

বরগুনার তালতলীতে অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সুন্দর আলীকে নির্যাতনের ঘটনায় হাইকোর্টের রুলের পর অবশেষে গত বৃহস্পতিবার সন্ধ্যায় মামলা নিয়েছে থানার পুলিশ। এরপর থেকে ওই শিক্ষকের নিরাপত্তায় তাঁর বাড়িতে পুলিশ মোতায়েন করা হয়েছে। আসামিদের মধ্যে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

▶▶ পৃষ্ঠা ১২ ক. ৬

## হাইকোর্টের রুলের পর

▶▶ শেষ পৃষ্ঠার পর

এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৩ আগস্ট উপজেলা চেয়ারম্যান মনিরুজ্জামান মিন্টুসহ অভিযুক্ত সবাইকে গ্রেপ্তারের নির্দেশ দিয়ে রুল জারি করেন উচ্চ আদালত। একই সঙ্গে যথাযথ ভূমিকা না নেওয়ায় তালতলী থানার ওসি বাবুল আক্তার ও এসআই হানিফের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হবে না তারও ব্যাখ্যা চান আদালত।

ভুক্তভোগী শিক্ষক সুন্দর আলী জানান, উচ্চ আদালতের এ নির্দেশনার পরিপ্রেক্ষিতে, গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় মামলা নিয়েছে পুলিশ। মামলায় উপজেলা চেয়ারম্যানসহ তিনজনকে আসামি করা হয়েছে। তবে মামলার বিবরণীতে তিনি যা লিখতে চেয়েছিলেন তার সব লেখা হয়নি বলে অভিযোগ করেন তিনি।

এ বিষয়ে তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বাবুল আক্তার জানান, উচ্চ আদালতের আদেশ পেয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় মামলা নেওয়া হয়েছে। আসামিদের মধ্যে আলী আহমদ নামের একজনকে গ্রেপ্তার করা হয়েছে। বাদী চাইলে তাঁর যেকোনো বক্তব্য মামলার তদন্ত কর্মকর্তার কাছে দিতে পারবেন।

উল্লেখ্য, গত ২৩ জুলাই জমিসংক্রান্ত বিরোধের জের ধরে শিক্ষক সুন্দর আলীকে নিজ কার্যালয়ে আটকে রেখে নির্যাতন করেন উপজেলা চেয়ারম্যান মনিরুজ্জামান মিন্টু ও তাঁর লোকজন। এ সময় পুলিশ ঘটনাস্থলে উপস্থিত থাকলেও কোনো ব্যবস্থা নেয়নি। পরে ওই শিক্ষককে গুরুতর আহত অবস্থায় প্রথমে বরগুনা সদর হাসপাতাল ও পরে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করে তাঁর স্বজনরা।